The Financial Express

06 SEP 2025

# FBCCI for allowing export of aromatic rice

**FE REPORT**




The country's apex trade body-FBCCI-- has called upon the government to consider allowing export of aromatic rice in order to encourage exporters and ensure its fair price at the farmers' level, sources said.

The Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI) in a letter urged the Ministry of Commerce to take necessary steps in this regard.

The FBCCI made the appeal in line with the demand of the Bangladesh Rice Exporters Association (BREA) to this effect, according to the insiders.

Earlier, the BREA in a letter sought the apex trade body's necessary measures in this connection.

The FBCCI has suggested that the government should consider allowing export of aromatic rice in order to enhance earnings of foreign currencies through ensuring growers' prices support and encouraging local exporters.

"The government should give permission for export of more aromatic rice for the greater interest of its producers and exporters," the trade body said in the letter.

The commerce ministry gave permission for exporting only 18,150 tonnes and 5800 tonnes of aromatic rice in April and May 2025 respectively in fovour of some exporters.

The FBCCI said there is no alternative to allowing the existing 'surplus amount' of aromatic rice for the sake of retaining its foreign buyers.

According to the Bangladesh Rice Research Institute- BRRI, the country's production of aromatic rice crossed 1.02 million tonnes in the fiscal year 2023-24 from that of around 0.580 million tonnes in the 1917-18 fiscal year.

On the other hand, the annual domestic demand for aromatic rice is now estimated at 0.4 million tonnes.

So there remains a significant gap between the availability of aromatic rise and its domestic demand.

Bangladesh's aromatic rice has a high demand in the export markets, especially where non-resident Bangladeshis stay.

Usually, Bangladesh's aromatic rice is exported to the United Arab Emirates, Saudi Arabia, Australia, Brunei, Bhutan, Canada, Switzerland, the UK, France, Germany, Finland, Greece, Hong Kong, Ireland, Italy, Jordan, Japan, Lebanon, the Maldives, Nepal, New Zealand, Myanmar, Mauritius, Malaysia, Kuwait, Liberia and South Africa, according to a document.

Bangladesh's 'Chinigura', Kalijeera, Kataribhog, Tulshimala, Badshabog, Durbashail, Basmathi (locally known as Banglamoti) and Nenia varieties of aromatic rice are in good demand in the overseas markets.

According to the export policy, there are opportunities to export 25 types of aromatic rice subject to special approval by the commerce ministry.

Different private firms, including Ispahani, Square and Pran, export packaged aromatic rice to more than 135 countries every fiscal year.

A commerce ministry official said: "We often receive applications seeking permission for allowing export of aromatic rice."

He further said: "The FBCCI recently forwarded a request letter to the MOC, seeking permission for aromatic rice export. We are scrutinising the request."

*rezamumu@gmail.com*

The Financial Express

06 SEP 2025

# Russia wants to export milling wheat to BD under G2G

## Food ministry yet to decide on the proposal

FE REPORT

US sanction-hit Russia wants to export 0.5 million tonnes of milling wheat to Bangladesh under a government-to-government (G2G) arrangement, sources say.

Prodintorg, a subordinate organisation under the agriculture ministry of the Russian Federation with 100 per cent state participation, sent a proposal in this regard a few months back.

The foreign affairs ministry recently forwarded the proposal to the food ministry.

In the proposal, Prodintorg says it has many years of experience in supplying wheat to Bangladesh.

"We would like to express our readiness to carry out a new delivery of up to 0.5 million tonnes of Russian milling wheat."

It suggested discussing the details of the deal during negotiations.

In June 2023, the Russian embassy in Bangladesh expressed interest in expanding cooperation through a G2G supply of lentil, sunflower oil, pea, and chickpea at competitive prices.

Prodintorg, which has been Bangladesh's sole G2G supplier of agricultural products and fertilisers since 2013, boasts supplying over 1.3 million tonnes of potash fertiliser and 1.5 million tonnes of milling wheat since the partnership began.

Preferring anonymity, a Bangladeshi official said apart from Western sanctions, the lack of direct banking transactions between Dhaka and Moscow could pose challenges to the proposed deal's implementation.

The food ministry has not made a decision on the proposal yet.

On the other hand, Bangladesh recently inked a deal with the US to import 0.7 million tonnes of wheat within the next five years to secure a fairer tariff rate.

Of the volume, in the first year, Bangladesh will import 0.22 million tonnes of wheat.

The US administration had earlier imposed a 35 per cent reciprocal tariff on Bangladesh.

But it recently cut the tariff to 20 per cent.

Bangladesh previously relied on Russia and Ukraine for critical food imports, particularly wheat, sunflower oil, and fertiliser.

rezamumu@gmail.com

ঢাকা।

The Financial Express

06 SEP 2025

# India plans relief package for exporters hit by US tariffs

India will roll out a package of measures to help exporters hurt by a surge in US tariffs, Finance Minister Nirmala Sitharaman said on Friday, reports Reuters.

The new US duties slapped on Indian goods last month included a 25% punitive levy over New Delhi's Russian oil purchases - taking overall duties as high as 50% on a wide range of items from garments and jewellery to footwear and chemicals.

"Government will come out with something to handhold those who have been hit by 50% tariffs," Sitharaman told CNBC TV18, without going into further detail.

The government plans to offer credit guarantees on loans overdue by up to 90 days for small businesses and exporters, Reuters reported earlier, citing government sources.

Exporters said labour-intensive sectors such as textiles, jewellery and seafood, particularly shrimp - which all operate on margins of just 3%-5% - have been hit hardest, causing job losses in industrial hubs in Tamil Nadu and Prime Minister Narendra Modi's home state of Gujarat.

"Textiles and apparel manufacturers in Tiruppur, Noida and Surat have halted production amid worsening cost competitiveness," SC Ralhan, president of the Federation of Indian Export Organisations (FIEO), said.

The tariffs, among the highest imposed by the administration of US President Donald Trump, delivered a serious blow to ties between the two powerful democracies that had in recent decades become strategic partners.

Nearly 55% of Indian exports to the US, worth about $48 billion, now face a cost disadvantage against rivals from Vietnam, China and Bangladesh, Ralhan said last week ahead of an exporters' meeting with the finance minister.

Thousands of workers have already been laid off, exporters have said.

The Financial Express
06 SEP 2025

Trump tariff turmoil changing trade equations

# Robust growth in RMG export to US, outlook looks better

FE REPORT

Bangladesh's apparel export to the United States posted a robust 21.68-percent growth in the first seven months of 2025 and exporters expect a better tomorrow as Trump tariff turmoil changes trade equations.

According to US official count, the export to the country's single-largest market grew both in terms of value and volume during the period-even under shadows of much-talked-about oncoming tariff hikes.

Readymade garment exports from Bangladesh during the January-July period singly fetched US$4.98 billion, marking the 21.68-percent growth, according to the data released Tuesday by OTEXA, an affiliate of the US Department of Commerce.

Bangladesh earned US$ 4.09 billion by trading out its main export item to the US in the same period of 2024.

The growth rate also surpassed the global average of 4.98 per cent, placing Bangladesh ahead of main competitors, though Vietnam became top exporter pushing China behind in the changing trade paradigm.

During the period, Bangladesh shipped 1.59 billion square meters of garments, 20.34-percent higher than 1.32 billion square meters sent in the corresponding period of last year.

America's overall apparel imports during January-July amounted to US$45.79 billion, up from $43.62 billion in the corresponding period of last year.

The rise reflects improved consumer demand and the ongoing recalibration of supply chains, particularly in response to trade and tariff shifts involving China.

Vietnam, during the first seven months of 2025, led the apparel export to the US, having shipped RMG items worth US$9.45 billion, accounting for a growth of about 17 per cent.

China dropped to the second position with US$6.92 billion worth of apparel shipments with a 21.07-percent year-on-year negative growth, highlighting the effects of renewed tariff barriers and ongoing geopolitical tensions.

Asked about the latest situation, Mahmud Hasan Khan, president of Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), termed the growth 'good' and expected the growth to continue through October onward.

**Jan-July shipments grow 21.68%, exporters expect duty-cut dividend in work-order diversions**



- BGMEA president terms growth 'good', expects up and up thru Oct
- Vietnam with lower duty rate leads with about 17% growth
- China drops to second stand with 21.07% YoY negative growth under impact of renewed tariff barriers, geopolitical tensions

"August and September growth might slow a bit as some buyers delayed placing work orders over uncertainty related to tariffs," he notes.

"Besides, there were some advance shipments to meet the July-31st deadline and avoid possible enhanced tariffs by the Trump administration," he explains the situation on the cusp of shifts in trade dynamics.

On July 7, US President Donald Trump officially notified Bangladesh of a flat 35-percent tariff to be imposed on all Bangladeshi exports. The rate was reduced on August 01 to 20 per cent, following intense negotiations and tradeoffs.

However, there was a clause that if the exporters could ship their products to the inland container depot by July 31, they would be charged tariff at the old rate, which sent exporters in scrambles to dispatch the products as early as possible.

The BGMEA leader, however, observers that though Chinese orders have been shifting from the US due to high tariffs, China is increasing its share to EU market aggressively by offering 'much lower prices' to EU buyers to offset US market-share decline.

Meantime, India's apparel exports rose by 16.10 per cent to US$3.30 billion during the January-to-July period.

Indonesia recorded a 16.82-percent increase to US$2.66 billion in apparel shipments, continuing its steady growth as a supplier to the US market. Cambodia witnessed a rise by 24.45 per cent in exports, reaching US$2.37 billion, during the period under consideration.

Pakistan also recorded a growth of 11.82 per cent to bag US $1.34 billion from the US market.

Munni_fe@yahoo.com

বণিক বার্তা

0 6 SEP 2025

জয়পুরহাটে বাণিজ্য উপদেষ্টা

# উভয়পক্ষ রাজি হলেই যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত শুল্ক চুক্তি প্রকাশ করা হবে

**বণিক বার্তা প্রতিনিধি ■ জয়পুরহাট**

সম্প্রতি যুক্তরাষ্ট্রের সঙ্গে স্বাক্ষরিত শুল্ক চুক্তি রাইট টু ইনফরমেশনের (আরটিআই) আওতায় উভয়পক্ষ রাজি হলেই জনসম্মুখে প্রকাশ করা হবে বলে জানিয়েছেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন। জয়পুরহাটের আক্কেলপুরে গতকাল স্থানীয় গোপীনাথপুর উচ্চ বিদ্যালয় মাঠে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা জানান তিনি।

আলুচাষীদের জন্য ন্যায্যমূল্য নিশ্চিত করার বিষয়ে বাণিজ্য উপদেষ্টা বলেন, 'গত বছর আলুর দাম কেজিপ্রতি ৮০-৯০ টাকা ছিল। ফলে এ বছর আগের তুলনায় প্রচুর আলু উৎপাদন করেছেন চাষীরা।'

তিনি বলেন, 'আগামী এক মাসের মধ্যে আলুর দাম কিছুটা বাড়তে পারে। এ ক্ষেত্রে রফতানিই একমাত্র উপায়। এজন্য আমরা প্রণোদনা ও সহযোগিতা করছি। চাহিদা তৈরির চেষ্টা করা হচ্ছে। এছাড়া টিসিবির মাধ্যমে বাজার থেকেও আলু কেনা হবে। আলু রফতানির লক্ষ্য অর্জনে সরকার কাজ করছে। এ পদক্ষেপের মাধ্যমে চাষী ও ক্রেতা উভয়ের স্বার্থই সুরক্ষিত রাখা হবে।'

বাজার সিন্ডিকেট প্রসঙ্গে শেখ বশিরউদ্দীন বলেন, 'প্রতিটি হিমাগারে আলুর বস্তাপ্রতি দাম নির্ধারণ হয়েছে। বাজার ব্যবস্থাপনা, পর্যবেক্ষণ ও মাঠ প্রশাসন একসঙ্গে কাজ করছে। সব হিমাগারই নির্ধারিত দাম মেনে চলছে, এতে সিন্ডিকেট করার তেমন সুযোগ থাকবে না।'

প্রথম আলো

06 SEP 2025

# পাবদা মাছের রপ্তানি বৃদ্ধি, উৎপাদন খরচও বাড়তি

যশোর জেলা

**সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে বেনাপোল স্থলবন্দর দিয়ে ৩ কোটি ৮৩ লাখ ডলারের মাছ রপ্তানি হয়েছে, যা ২০২৩-২৪ অর্থবছরের চেয়ে দেড় গুণ বেশি।**

**মনিরুল ইসলাম**, *যশোর*

যশোরের বেনাপোল স্থলবন্দর দিয়ে ভারতে পাবদা মাছের রপ্তানি বেড়েছে। তবে এর বিপরীতে সে দেশ থেকে কার্প ও সামুদ্রিক মাছের আমদানি কমেছে।

এদিকে রপ্তানি বাড়লেও পাবদা মাছের উৎপাদন খরচ বৃদ্ধি পেয়েছে। এতে স্থানীয় মাছচাষিরা বিপাকে পড়েছেন।

স্থানীয় মৎস্য বিভাগের তথ্য অনুযায়ী, সর্বশেষ ২০২৪-২৫ অর্থবছরে যশোরের বেনাপোল স্থলবন্দর দিয়ে মোট ১ কোটি ৩৭ লাখ ৪২ হাজার ৬৯০ কেজি মাছ ভারতে রপ্তানি হয়েছে। এর রপ্তানি মূল্য ছিল ৩ কোটি ৮৩ লাখ ৪৮ হাজার ৯৭৫ মার্কিন ডলার। এর মধ্যে সবচেয়ে বেশি রপ্তানি হয়েছে পাবদা মাছ, যা মোট রপ্তানির ৮৮ শতাংশ। সার্বিক মাছ রপ্তানিতে ইলিশের অংশ ছিল প্রায় ৪ শতাংশ। এর আগের ২০২৩-২৪ অর্থবছরে রপ্তানি হয়েছিল ৮২ লাখ ৯২ হাজার ৫৫০ কেজি মাছ, যার মূল্য ২ কোটি ৫৪ লাখ ৬৫ হাজার ৬৭৫ ডলার। সেবারও রপ্তানির বড় অংশ ছিল পাবদা মাছ।

অন্যদিকে ২০২৪-২৫ অর্থবছরে ভারত থেকে মাছ আমদানি হয়েছে ১ কোটি ৭১ লাখ ১৮ হাজার ৭০২ কেজি। এর আমদানি মূল্য ৭৬ লাখ ৬৩ হাজার ৬৯০ ডলার। আগের ২০২৩-২৪ অর্থবছরে আমদানি হয়েছিল প্রায় দ্বিগুণের বেশি মাছ, যা পরিমাণে ৩ কোটি ৫৪ লাখ ৬ হাজার ৮৮২ কেজি। ওই মাছের আমদানি মূল্য ছিল ১ কোটি ৭৩ লাখ ৪১ হাজার ৩৫০ ডলার।

মাছের রপ্তানি বাড়লেও উৎপাদন খরচ নিয়ে মাছচাষিরা চাপের মুখে রয়েছেন। যশোর সদর উপজেলার চাঁচড়া এলাকার মাছচাষি হারুন অর রশিদ জানান, তিনি ৬০ একর জলাশয়ে বিভিন্ন ধরনের সাদা মাছের চাষ করেন। এর মধ্যে পাবদা, তেলাপিয়া ও রুই জাতের মাছই বেশি। তিনি বলেন, 'মাছের উৎপাদন খরচ অনেক বেড়ে গেছে। বছর দুয়েক আগে ব্যাংক ঋণের সুদের হার ছিল এক অঙ্কে। এখন তা প্রায় দ্বিগুণ হয়েছে। তার ওপর মাছের খাদ্য, বিদ্যুৎ ও শ্রমের খরচ বেড়েছে। এখন ২ কেজি আকারের রুই মাছ উৎপাদন করতে কেজিতে খরচ পড়ে ২৭০ থেকে ২৮০ টাকা। ফলে মুনাফা নেমে এসেছে ১০ শতাংশে, যা আগে ৩০ শতাংশের মতো ছিল।'

মাছচাষি ও মৎস্য বিভাগের কর্মকর্তারা জানান, যশোর জেলার ঝিকরগাছা, মনিরামপুর, শার্শাসহ বিভিন্ন উপজেলায় পাবদা মাছের উৎপাদন বেড়েছে। বড় কারণ হলো, প্রতিবেশী ভারতে এই মাছের চাহিদা বাড়ছে। সে কারণে চাষিরা রুই, কাতলা ও পাঙাশের চাষ কিছুটা কমিয়ে পাবদা চাষে ঝুঁকছেন।

ভারতে মাছ রপ্তানিকারক তারেক রহমান বলেন, 'আমি সব ধরনের মাছ রপ্তানি করি, তবে সবচেয়ে বেশি হয় পাবদা। বছরে ১০০ কোটি টাকার বেশি পাবদা মাছ রপ্তানি করি। কেজিতে ১৫ থেকে ১৬টা হয়, এমন পাবদার চাহিদা বেশি ভারতে।'

রপ্তানি বৃদ্ধি ও আমদানি কমে যাওয়ার কারণ জানতে চাইলে মৎস্য বিভাগের বেনাপোল স্থলবন্দরের কোয়ারেন্টিন কর্মকর্তা সজীব সাহা *প্রথম আলোকে* বলেন, ভারতে বাংলাদেশি পাবদা মাছের চাহিদা বৃদ্ধি পাওয়ায় দেশের বিভিন্ন উপজেলায় এটির উৎপাদন বেড়েছে। এর মধ্যে যশোর অঞ্চল মাছ উৎপাদনে উদ্বৃত্ত। তাই স্থানীয় চাহিদা মিটিয়ে এখানকার মাছ দেশের বিভিন্ন স্থানে পাঠানো হয়। এমনকি আখাউড়া সীমান্ত দিয়েও ভারতে যায়।

সমকাল
06 SEP 2025

## আলুর বাজারে অদ্ভুত বৈপরীত্য

# কৃষক লোকসানে, রপ্তানি ৩ বছরের মধ্যে সর্বোচ্চ

সমকাল প্রতিবেদক

বাংলাদেশের অন্যতম সবজি আলুর বাজারে এবার এক অদ্ভুত বৈপরীত্য দেখা গেছে। একদিকে দেশের বাজারে দাম কম থাকায় চাষিরা লোকসানে পড়েছেন। অন্যদিকে সেই কম দামের সুযোগে আন্তর্জাতিক বাজারে রপ্তানি বেড়েছে, যা গত তিন বছরের মধ্যে সর্বোচ্চ।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) তথ্য অনুযায়ী, গত ২০২৪-২৫ অর্থবছরে ৬৩ হাজার ৮২২ টন আলু রপ্তানি হয়েছে। ২০২১-২২ অর্থবছরের পর এটি সবচেয়ে বেশি। ২০২১-২২ অর্থবছরে ৭৮ হাজার ৯১১ টন, ২০২২-২৩ অর্থবছরে ৩২ হাজার ৩৯৩ টন, ২০২৩-২৪ অর্থবছরে ১২ হাজার ১১৩ টন রপ্তানি হয়।

ব্যবসায়ীরা বলছেন, মূলত দেশীয় বাজারে আলুর দরপতন রপ্তানিতে সম্ভাবনা তৈরি হয়েছে। চাষিরা বলছেন, এ মৌসুমে অনেক ক্ষেত্রেই তারা উৎপাদন খরচ তুলতে পারেননি। ডিএইর হিসাবে, উৎপাদন খরচ পড়েছে গড়ে কেজিপ্রতি ১৪ টাকা। অনেক কৃষক বাধ্য হয়ে ১১ টাকায় আলু বিক্রি করেছেন। রাজশাহী, রংপুরের মতো অঞ্চলে খরচ আরও বেশি, প্রতিকেজি ২০ টাকা পর্যন্ত। অথচ মাঠ থেকে আলু তুলে বিক্রির সময় দর ছিল সাত থেকে ১২ টাকা।

যদিও গত ২৭ আগস্ট কৃষকের স্বার্থ রক্ষা এবং বাজারে আলুর ন্যায্যমূল্য নিশ্চিত করতে সরকার কোল্ডস্টোরেজ গেটে আলুর কেজিপ্রতি সর্বনিম্ন মূল্য ২২ টাকা নির্ধারণ করেছে। অর্থাৎ আলু হিমাগারে ওঠানো বা বিক্রির ক্ষেত্রে এই দামের নিচে কেনাবেচা করা যাবে না।

কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেন, চাষিদের লোকসান ঠেকাতে এবং বাজারে দাম নিয়ন্ত্রণে রাখতে সরকার সরাসরি বাজারে প্রবেশ করছে। এর অংশ হিসেবে সরকারি উদ্যোগে ৫০ হাজার টন আলু কিনে দেশের বিভিন্ন হিমাগারে সংরক্ষণ করা হবে। অক্টোবর ও নভেম্বর মাসে এই আলু বাজারে ছাড়া হবে।

কৃষি মন্ত্রণালয় জানায়, শুধু ন্যায্যমূল্য নির্ধারণ ও আলু কেনার সিদ্ধান্তেই সীমাবদ্ধ থাকছে না তারা। আগামী মৌসুমে আলুচাষিদের জন্য প্রণোদনা বা সহায়তা প্যাকেজের ঘোষণা দেওয়ার কথাও জানানো হয়েছে।

গত বছরের নভেম্বরে যখন আলুর দাম কেজিপ্রতি ৮০ টাকা ছুঁয়েছিল, তখন অনেক কৃষক অতিরিক্ত জমিতে আলু চাষ করেন। ফল হয়েছে উল্টো। চাষ বেড়ে গেছে ১৫ শতাংশ; দাম পড়েছে অর্ধেকে। সদ্য বিদায়ী মৌসুমে রেকর্ড পাঁচ লাখ ২৪ হাজার হেক্টর জমিতে আলু চাষ হয়েছে। উৎপাদন হয়েছে এক কোটি ৩০ লাখ টন আলু।

আলু রপ্তানি শুরু হয়েছিল ১৯৯৯ সালে। শুরুর দিকে পরিমাণ ছিল অল্প, তবে ধীরে ধীরে বাজার তৈরি হয়েছে। বর্তমানে মালয়েশিয়া, আরব আমিরাত, সিঙ্গাপুর, নেপাল, শ্রীলঙ্কা, বাহরাইনসহ ১৪টি দেশে আলু যাচ্ছে। শীর্ষস্থানীয় রপ্তানিকারক তাওহীদুল ইসলাম বলেন, 'মূলত দেশে দাম কম থাকায় গত বছর রপ্তানি বেড়েছে। এর আগের মৌসুমে প্রতিকেজি ৩০ টাকায় কিনতে হয়েছিল। এবার সাত থেকে ১০ টাকায় কিনেছি। সর্বশেষ অর্থবছরে তিনি একাই ৩০ হাজার টন আলু রপ্তানি করেছেন, যেখানে আগের বছরে করেছিলেন মাত্র এক হাজার ৪০০ টন।'

রপ্তানিকারক নাজিম উদ্দিন ও রাশেদ শামীমও বলছেন, দেশে আলুর দরপতন রপ্তানির সুযোগ তৈরি করেছে। তবে রাশেদ সতর্ক করে দেন, দেশে আলু রপ্তানির জন্য প্রয়োজনীয় অবকাঠামো এখনও যথাযথভাবে গড়ে ওঠেনি। ফলে প্রত্যাশিত হারে রপ্তানি সম্ভব হচ্ছে না। প্যাকেজিং ও স্বাস্থ্যবিধি মানদণ্ডের ঘাটতির কারণে কম্বোডিয়া, হংকং, ফিলিপাইনের মতো সম্ভাব্য বাজার হাতছাড়া হচ্ছে বলে জানান তারা।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রপ্তানিমুখী আলুর জাত যেমন গ্রানোলা, সান্তানা ও কুমারী চাষে উৎসাহ দিচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন হর্টেক্স এক্সপোর্ট ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ মো. রফিকুল আমিন বলেন, রপ্তানি বাড়ায় কিছুটা স্বস্তি মিললেও কৃষকের প্রচুর লোকসান হয়েছে। উৎপাদন ও বাজার ব্যবস্থাপনায় সমন্বয় না হলে এই অবস্থা থেকে বের হওয়া যাবে না।

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য বলছে, বাংলাদেশ থেকে সবচেয়ে বেশি আলু রপ্তানি হয় মালয়েশিয়ায়। মোট রপ্তানির প্রায় ৮০ শতাংশ যায় দেশটিতে। ব্যবসায়ীরা বলছেন, যদি সঠিক অবকাঠামো সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও প্যাকেজিং ব্যবস্থা তৈরি হয় তাহলে বিভিন্ন দেশে রপ্তানি বহুগুণ বাড়ানো সম্ভব।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক ছাইফুল ইসলাম বলেন, উচ্চফলনশীল, রপ্তানি ও শিল্পে ব্যবহারযোগ্য আলুর জাত সম্প্রসারণে কাজ করছে সরকার। পাশাপাশি নতুন কিছু জাত এসেছে, যা থেকে একই পরিমাণ জমি থেকে দ্বিগুণেরও বেশি আলু উৎপাদন সম্ভব হবে।

### আলু রপ্তানি (টন)

| | |
|---|---|
| ২০২১-২২ | ৭৮,৯১১ |
| ২০২২-২৩ | ৩২,৩৯৩ |
| ২০২৩-২৪ | ১২,১১৩ |
| ২০২৪-২৫ | ৬৩,৮২২ |

- আলু রপ্তানির প্রায় ৮০% যায় মালয়েশিয়ায়
- সিঙ্গাপুর, বাহরাইনসহ ১৪টি দেশে রপ্তানি হচ্ছে
- ২০২৪-২৫ অর্থবছরে উৎপাদন প্রায় ১ কোটি ৩০ লাখ টন



রপ্তানি বাড়ায় কিছুটা স্বস্তি মিললেও কৃষকের প্রচুর লোকসান হয়েছে। উৎপাদন ও বাজার ব্যবস্থাপনায় সমন্বয় না হলে এই অবস্থা থেকে বের হওয়া যাবে না

সৈয়দ মো. রফিকুল আমিন
ব্যবস্থাপনা পরিচালক
হর্টেক্স এক্সপোর্ট ডেভেলপমেন্ট ফাউন্ডেশন